# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার কোন আমলে শিরক করবে, পরকালে সে ব্যক্তি তার আমলের কোন সাওয়াব পাবে না

## ذِكْرُ نَفْيِ وُجُودِ الثَّوَابِ عَلَى الْأَعْمَالِ فِي الْعُقْبَى لِمَنْ أَشْرَكَ بِاللَّهِ فِي عَمَلِهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ قَالَ حَدَّثَنَا يَحْيَى بْنُ مَعِينٍ قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكْرٍ قَالَ حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ قَالَ حَدَّثَنِي أَبِي عَنْ زِيَادِ بْنِ مِينَاءَ عَنْ أَبِي سَعِيدِ بْنِ أَبِي فَضَالَةَ الأنصاري وكان من الصَّحَابَةِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " إِذَا جَمَعَ اللَّهُ الْأَوَّلِينَ وَالْآخِرِينَ يَوْمَ الْقِيَامَةِ لِيَوْمٍ لَا رَيْبَ فِيهِ نَادَى مُنَادٍ مَنْ كَانَ أَشْرَكَ فِي عَمَلِهِ لِلَّهِ أَحَدًا فَلْيَطْلُبْ ثَوَابَهُ مِنْ عِنْدِهِ فَإِنَّ الله أغنى الشركاء عن الشرك."

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 404 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৪০৪. আবু সা‘ঈদ বিন আবু ফাযালাহ আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “যখন আল্লাহ পূর্ববর্তী ও পরবর্তী সমস্ত লোককে কিয়ামতে এমন এক দিনে সমবেত করবেন, যাতে কোন সন্দেহ নেই, তখন একজন ঘোষণাকারী ঘোষণা করবে, “যে ব্যক্তি তার আমলে আল্লাহর সাথে কাউকে শরীক করেছে, সে যেন তার কাছে তার কর্মের সাওয়াব তালাশ করে। কেননা আল্লাহ শরীকদের শিরক থেকে সম্পূর্ণ মুক্ত।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৪৬৬; তিরমিযী: ৩১৫৪; ইবনু মাজাহ: ৪২০৩; তাবারানী আল কাবীর: ২২/৭৭৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (মিশকাত: ৫৩১৮।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সাঈদ ইবনু আবূ ফাযালাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88704

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন